ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭০৭

করবুক, ১৫ মে, ২০২৫

**দুর্যোগ মোকাবিলার বিষয়ে করবুকে সভা অনুষ্ঠিত**

বিভিন্ন দুর্যোগ মোকাবিলা সহ জরুরীকালীন পরিস্থিতিতে সিভিল ডিফেন্সের কি কি করণীয় তা নিয়ে আজ করবুক মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক গমনজয় রিয়াং, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ধনমনি ত্রিপুরা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বি এস এফ ও বাজার কমিটির প্রতিনিধিগণ।

*****